# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৭৪

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - নিষিদ্ধ বস্তু ক্রয়-বিক্রয়

## আরবী

عَنْ وَاثِلَةَ بْنِ الْأَسْقَعِ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم يَقُول: «من بَاعَ عَيْبا لَمْ يُنَبِّهْ لَمْ يَزَلْ فِي مَقْتِ اللَّهِ أَوْ لَمْ تَزَلِ الْمَلَائِكَةُ تَلْعَنُهُ» . رَوَاهُ ابْنُ مَاجَه

## বাংলা

২৮৭৪-[৪১] ওয়াসিলাহ্ ইবনু আসকা’ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, যে ব্যক্তি কোনো ত্রুটিযুক্ত দ্রব্যের দোষ প্রকাশ না করে (না জানিয়ে) বিক্রি করবে, সে সবসময় আল্লাহর অসন্তুষ্টিতে নিমজ্জিত থাকবে। অথবা বলেছেন, সবসময় তার ওপর মালায়িকাহ্ (ফেরেশতাগণ) লা’নাত করবেন। (ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : ইবনু মাজাহ ২২৪৭, য‘ঈফ আল জামি‘ ৫৫০১, য‘ঈফ আত্ তারগীব ১০৯৪। কারণ এর সনদে একজন মুদাল্লিস রাবী রয়েছে।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এমন ক্রয়-বিক্রয় করা কোনো মুসলিমের স্বভাব বা চরিত্র হতে পারে না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি ধোঁকা দেয়, সে আমার দলভুক্ত নয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ওয়াসিলাহ ইবনু আসকা‘ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68201

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন